



Llywodraeth Cymru
Welsh Government

ওয়েলসে শারীরিক শাস্তির অবসান হতে চলেছে পিতামাতার জন্য প্রয়োজনীয় তথ্য

২১ মার্চ ২০২২ ওয়েলসে শিশুদের এবং তাদের অধিকারের জন্য একটি ঐতিহাসিক মুহূর্ত। এই দিন থেকে, ওয়েলসে শিশুদের শারীরিকভাবে শাস্তি দেওয়া অবৈধ ঘোষিত হবে। আমরা শিশুদের এবং তাদের অধিকার রক্ষা করতে চাই, তাদের জীবনের সেরা সূচনা দিয়ে সাহায্য করতে চাই।

শারীরিক শাস্তি কি?

শারীরিক শাস্তি কী, তার একটি নির্দিষ্ট তালিকা দেওয়া সম্ভব নয়, কারণ এটি এমন কিছু হতে পারে যেখানে শারীরিক শাস্তি ব্যবহার করে শিশুকে শাস্তি দেওয়া হয়। গবেষণায় বলা হয়েছে যে, যেকোনো ধরনের শারীরিক শাস্তি শিশুদের জন্য ক্ষতিকর হতে পারে।

আইনে পরিবর্তন মানে কি?

ওয়েলসে সমস্ত শারীরিক শাস্তি অবৈধ গণ্য হবে। এটি শিশুদের শারীরিক লাঞ্ছনার হাত থেকে বাঁচাবে, যা এমতাবস্থায় প্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে উপলব্ধ হয়ে থাকে। এটি আইনকে সরল করবে - যা শিশু, বাবা -মা, পেশাজীবী এবং জনসাধারণের বোঝার জন্য সহজ হবে।

21 মার্চ 2022 পর থেকে কোন মানুষ যদি শারীরিকভাবে কোন শিশুকে শাস্তি দেয় তাহলে কি হবে?

যদি কেউ শারীরিকভাবে কোন শিশুকে শাস্তি দেয়:
সে আইন ভঙ্গ করবে,
তার গ্রেপ্তার বা লাঞ্ছনার অভিযোগে অভিযুক্ত হওয়ার ঝুঁকি থাকবে,
তার নামে একটি ফৌজদারি রেকর্ড জমা পড়তে পারে, যা কোন ফৌজদারি অপরাধের মতোই তুল্য হবে।
এ ব্যাপারে প্রয়োজনীয় তথ্য, পরামর্শ এবং সহায়তা পাওয়া যাবে, যাতে শিশুদের আচরণ ইতিবাচক উপায়ে প্রভাবিত করা যায় এবং এই ধরনের নেতৃত্বাচক পরিস্থিতি এড়ানো সম্ভব হয়।

তার মানে কি আমি আমার সন্তানকে আর শাসন করতে পারছি না?

না। প্রতিটি শিশুর শৃঙ্খলার প্রয়োজন; এটি ভাল প্যারেন্টিং এর একটি অপরিহার্য অংশ। যাইহোক, শৃঙ্খলা এবং শারীরিক শাস্তির মধ্যে একটি বড় পার্থক্য রয়েছে।

শৃঙ্খলা হল একটি শিশুকে সীমানা, নির্দেশনা এবং সহায়তা প্রদান করা যাতে তারা উপযুক্ত আচরণ শেখে। আইনের পরিবর্তন পিতামাতার এটি করার ক্ষমতাকে প্রভাবিত করবে না।

শিশুদের সুশৃঙ্খল হতে শেখাবার জন্য শারীরিক শাস্তির প্রয়োজন নেই।

আপাত দৃষ্টি তে মনে হতে পারে যে কোনো কোনো শারীরিক শাস্তি শিশুদের সুশৃঙ্খল হওয়ার জন্য জরুরি। উদাহরণ হিসেবে, শিশুদের কে চড় মারলে অনেক সময় তারা অবাঞ্ছিত কাজ করা থাকে বিরত হয়।

কিন্তু শারীরিক শাস্তি শিশুদের আচরণ উন্নত করতে কার্যকর নয় এবং এটি শিশুদের আত্মনিয়ন্ত্রণ বা উপযুক্ত আচরণ সম্পর্কে জানতে সাহায্য করে না।

শারীরিক শাস্তি হতে পারে:

একটি শিশুকে আঘাত করে।

একটি শিশুকে ভয়, রাগ, দুঃখ, বিভ্রান্তি অনুভব করানো।

শিশুদেরকে বার্তা দেওয়া যে সহিংস আচরণ গ্রহণযোগ্য এবং একটি কার্যকরী প্রতিক্রিয়া।

শিশুদের জন্য নেতৃত্বাচক আচরণের কারণ ঘটানো

ওয়েলসে শারীরিক শাস্তির অবসান সম্পর্কিত আরও তথ্যের জন্য এখানে ঘান:
gov.wales/EndPhysicalPunishment

ইতিবাচক প্যারেন্টিং টিপস এবং তথ্যের হিসেবে দেখুন : প্যারেন্টিং। সময় দিন:
gov.wales/giveittime

Stopio Cosbi
Corfforol

Ending Physical
Punishment



ইহা কি দৈনন্দিন পিত মাতার ভূমিকায় কোনো পরিবর্তন আনবে?

একেবারে না! বাবা - মা বাচ্চাদের প্রতিদিন জড়িয়ে ধরেন, চুল
ৱ্রাশ করেন, দাঁত ব্রাশ করেন, খেলেন এবং গাড়ির আসনে
বসান।

কখনও কখনও এটি একটি শিশুকে পোশাক পরানো কঠিন
হতে পারে, কিছু ক্ষেত্রে তাদের ইচ্ছের বিরুদ্ধে গিয়ে বাবা মা
কে তাদের পোশাক পরিয়ে দিতে হয়; বিশেষ করে শীতের
সময় তাদের গরম পোশাক পরাতে হয়, অথবা বাইরে ঘাবার
জন্য উপযুক্ত পোশাক পরাতে হয়।

আইনের পরিবর্তন এই ক্রিয়াকলাপগুলিকে বাধা দেয় না -
এটি কেবল শারীরিক শাস্তির অবসান চায়।

পরিষ্কারভাবে বলতে গেলে, শিশুদের ক্ষতির হাত থেকে রক্ষা
করার জন্য যে কোনো শারীরিক হস্তক্ষেপ শারীরিক শাস্তি
হিসেবে গণ্য হবে না।

রাস্তায় দৌড়ানো থেকে বা নিজেকে বা অন্যকে আঘাত
করা থেকে বিরত রাখার জন্য, একটি শিশুকে আটকে রাখা,
অথবা তাদের আগুনে বা গরম পৃষ্ঠাটল হাত দেওয়া দেওয়া
থেকে আটকানো ভাল প্যারেন্টিং, শাস্তি নয়।

যাইহোক, আপনার সন্তানকে বিপজ্জনক কিছু করতে দেখে
যদি আপনি তাকে আঘাত করে প্রতিক্রিয়া দেখান, আপনি
তাদের শারীরিকভাবে শাস্তি দেবেন এবং এটি আইনসিদ্ধ বলে
গণ্য হবে না।

আমি কোথায় পরামর্শ এবং সমর্থন পেতে পারি?

'<https://gov.wales/parenting-give-it-time>', একটি
ওয়েবস গভর্নমেন্ট এর ওয়েবসাইট যেটি ইতিবাচক
প্যারেন্টিং ব্যবহারিক ইঙ্গিত, টিপস এবং বিশেষজ্ঞদের
পরামর্শ দিয়ে থাকে। যা শিশুদের কাছ থেকে ভাল আচরণ
পেতে সাহায্য করে এবং শারীরিক শাস্তির বিকল্পগুলি'র
ব্যাপারে জনসাধারণকে উৎসাহিত করে।

এই ওয়েবসাইট এর সাপোর্ট পেজ -এ প্যারেন্টিং এর
ব্যাপারে সহায়তা এবং হেল্পলাইনের লিঙ্ক দেওয়া আছে।

ইউনিভার্সাল প্যারেন্টিং সাপোর্ট এবং পরামর্শ মিডওয়েইফ,
স্বাস্থ্য প্রতিনিধি, জিপি এবং পারিবারিক তথ্য কেন্দ্র কর্তৃক
প্রদান করা হয়ে থাকে।

ফ্লাইং স্টার্ট (যদি আপনি ফ্লাইং স্টার্ট এলাকায় থাকেন) এবং
ফ্যামিলি ফাস্টের মতো প্রাথমিক সহায়তা প্রোগ্রাম।



যদি আমি শারীরিক শাস্তি ব্যবহার
করতে না পারি, তাহলে আমি কিভাবে
আমার সন্তানের অবাধ্যিত আচরণ
মোকাবেলা করতে পারি?

শারীরিক শাস্তি ব্যবহার না করে একটি শিশুকে
শৃঙ্খলাবদ্ধ করার অনেক উপায় রয়েছে।

কখনও কখনও একটি চ্যালেঞ্জিং পরিস্থিতিতে শুধুমাত্র একটি
ছোট শিশুর দৃষ্টি অন্য কোন কিছুর প্রতি আকর্ষিত করলে
শিশুর ব্যবহার নিয়ন্ত্রনে রাখা যায়।

তিনি বচ্চের বেশি বয়সী শিশুদের ক্ষেত্রে শারীরিক শাস্তির
পরিবর্তে একটি নির্দিষ্ট ফলাফল - এর প্রয়োগ করতে
পারেন। যেমন অবাধ্যিত ব্যবহার করলে, শিশুর একটি প্রিয়
খেলনা সরিয়ে দেওয়া বা অল্প সময়ের জন্য শিশুর পছন্দের
কার্যকলাপ বন্ধ করে দেওয়া।

বড় বাচ্চাদের এবং কিশোরদের জন্য, সবচেয়ে বড় প্রভাব
কিসে হবে তা জানা গুরুত্বপূর্ণ, যেমন ইলেকট্রনিক্সের
অ্যাক্সেস সরানো, তাদের বন্ধুদের সাথে সময় কাটানো বন্ধ
করা বা নির্দিষ্ট সময়ের জন্য পকেট মানি বন্ধ করা।

আমাদের নিজস্ব অনুভূতি এবং আবেগকে চিনতে এবং
পরিচালনা করতে শেখার দ্বারা, আমরা পরিস্থিতি নিয়ন্ত্রনের
বাইরে চলে যাওয়ার আগে তা সামলাতে পারি।

উদাহরণস্বরূপ, শান্ত থাকার মাধ্যমে, কিছুক্ষণ গভীরভাবে
নিঃশ্বাস নিয়ে, ঘটনাস্থল থেকে দূরে চলে গিয়ে, আপনি
আপনার সন্তান কে অনুরূপ পরিস্থিতিতে কিভাবে ব্যবহার
করা উচিত তার একটি দুর্দান্ত উদাহরণ দেন।

ইতিবাচক প্যারেন্টিং ~ বিশেষ টিপস

ইতিবাচক (ভাল) আচরণের জন্য প্রকৃত প্রশংসা প্রদান
আপনার সন্তানের বয়স এবং যোগ্যতা অনুযায়ী উপযুক্ত
পারিবারিক নিয়ম প্রণয়ন করুন

সেই সব সময়ের জন্য আগে থেকে পরিকল্পনা করুন যখন
শিশুরা চ্যালেঞ্জিং উপায়ে আচরণ করে (যেমন শপিং ট্রিপে
যাওয়ার সময় কোন খাবার বা খেলনা সঙ্গে রাখুন)

চেষ্টা করুন জানতে কেন সে এই আচরণ করছে -
আপনার শিশু কি ক্ষুধার্ত, রাগী, নিসঙ্গ বা ক্লান্ত?

আচরণের সাথে একটি অনুভূতি সংযুক্ত করুন যেমন 'তুমি
খেলনা নিক্ষেপ করছো কারণ তুমি রেগে গেছো, কিন্তু
আমরা মানুষকে আঘাত করি না'

একটি রুটিন তৈরি করুন যা আপনার পরিবারের জন্য
কাজ করে

আপনি যে আচরণ দেখতে চান তা মডেল করুন এবং
নিজেরা মেনে চলুন। একটি শিশু বুঝতে পারবে না
যে আঘাত বা চিংকার করার অনুমতি নেই যদি তারা
প্রাপ্তব্যক্ষদের তাই করতে দেখে।

'<https://gov.wales/parenting-give-it-time>'
ওয়েবসাইট টি দেখুন প্রয়োজনীয় তথ্যের জন্য।

সময় বদলেছে। মনোভাব বদলে গেছে।
আধুনিক ওয়েলসে শারীরিক শাস্তির কোনো স্থান নেই।